১১

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 20 MAR 1995 ...
পৃষ্ঠা ১২ কলাম ৩ ...

## বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
## ময়মনসিংহ

# উপজাতীয় ছাত্র ভর্তি ও ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতীয় ও অ-উপজাতীয় প্রার্থীদের মধ্যে জনসংখ্যার অনুপাত হারে প্রথম বর্ষ স্নাতক শ্রেণীতে ভর্তির জন্য বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে তিনটি সংরক্ষিত আসন নির্ধারিত থাকবে। নির্ধারিত ও সংরক্ষিত তিনটি আসনে ভর্তির সুযোগ লাভের জন্য বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের অ-উপজাতীয় প্রার্থীদের মধ্যে যারা ইতিপূর্বে ভর্তির আবেদনপত্র দাখিল করেছে এবং যাদের এসএসসি ও এইচএসসিতে মিলিতভাবে সর্বমোট ১১০০ বা তদূর্ধ নম্বর রয়েছে এবং এইচএসসিতে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও জীববিদ্যায় প্রত্যেকটিতে ন্যূনতম ৪০% নম্বর পেয়েছে তাদেরকে মার্কশীটের সত্যায়িত ফটোকপিসহ স্ব-স্ব জেলা প্রশাসকের নিকট থেকে জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যায়নপত্রসহ আগামী ৩-৪-৯৫ তারিখের মধ্যে পূর্ব দাখিলকৃত ভর্তির আবেদনপত্রের ক্রমিক নম্বর উল্লেখপূর্বক সাদা কাগজে দরখাস্ত প্রেরণ করতে হবে।

অনিবার্য কারণবশতঃ প্রথম বর্ষে ভর্তির জন্য লিখিত নির্বাচনী পরীক্ষা ৬-৪-৯৫ তারিখের পরিবর্তে আগামী ২১-৪-৯৫ তারিখ শুক্রবার বিকেল ৩ (তিন)টা হতে ৫ (পাঁচ) টা পর্যন্ত কৃষি বিশ্ববিদ্যালয় চত্বরে অনুষ্ঠিত হবে। যোগ্য প্রার্থীদের নিকট ডাকযোগে পরীক্ষার প্রবেশপত্র যথাসময়ে প্রেরণ করা হবে।

পূর্ব প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তিতে অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

**আবদুল হান্নান খান**
রেজিস্ট্রার
ফোন : (০৯১) ৫৬১৫, ৫৬১৬, ৫৬১৭
সরাসরি : ৪৮৪৬ (অফিস)
৪৮১৬ (আবাস)

নং বাকৃবি/৭১৬/১৫৫/জপ্রদ/১৫

এসসি-২৬২/৯৫